

চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অনুষ্ঠিত দ্বিতীয় অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ এনামুল কাদের খান চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)
সভার তারিখ	০৭ নভেম্বর, ২০২১।
সভার সময়	বিকাল ৩:০০ টা
স্থান	এনটিআরসিএ'র সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় উপস্থিত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে বলেন, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম পরিকল্পনা ২০২১-২২ এর প্রণীত কর্মসূচির ১.৬ ছকে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে কর্মশালা/অবহিতকরণ সভা অনুষ্ঠান একটি সুচক হিসেবে অন্তর্ভুক্ত রয়েছে। এ বিষয়ে ৪টি সভা/কর্মশালা আয়োজনের প্রতিশ্রুতি রয়েছে। এরই ধারাবাহিকতায় বিগত ১৩ সেপ্টেম্বর, ২০২১ তারিখের ন্যায় অদ্যকার দ্বিতীয় অবহিতকরণ সভার আয়োজন করা হয়েছে। চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে এনটিআরসিএ'র সকল কর্মকর্তা কর্মচারীদের সাধারণ ধারণা রাখতে হবে। সভাপতি বলেন চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা করতে হলে এ বিষয়ে সকলকে সচেতন করতে হবে এবং আইটি বিষয়ে সকলকে দক্ষতা অর্জন করতে হবে। সচিব, এনটিআরসিএ-কে তাঁর উপস্থাপনা তুলে ধরার জন্য অনুরোধ জানান। সচিব পাওয়ার পয়েন্ট এর মাধ্যমে চতুর্থ শিল্প বিপ্লবের পটভূমি, বিস্তার ও প্রয়োজনীয়তা সম্পর্কে সভাকে অবহিত করেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক নং ও আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১. কর্মশালা আয়োজন	চতুর্থ শিল্প বিপ্লবের বিষয়টি সম্পূর্ণ নতুন হওয়ায় এ বিষয়ে পরিপূর্ণ ও স্বচ্ছ ধারণার জন্য অভিজ্ঞ ও প্রাজ্ঞ কোন বক্তার মাধ্যমে কর্মশালা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়।	চতুর্থ শিল্প বিপ্লবের বিষয়ে অভিজ্ঞ ও প্রাজ্ঞ বক্তার উপস্থিতিতে কর্মশালা/সভা আয়োজন করতে হবে।	সদস্য (প্রশাসন ও অর্থ)অনুবিভাগ
২. অনুবিভাগ ভিত্তিক করণীয় নির্ধারণ	অনুবিভাগ প্রধানগণ স্ব স্ব অনুবিভাগের সদস্যদের সাথে চতুর্থ শিল্প বিপ্লবের উপাদানসমূহের বিষয়ে আলোচনা করবেন এবং নিজেদের কাজে এর প্রয়োগ সম্পর্কিত সুপারিশ চেয়ারম্যানের নিকট পেশ করবেন মর্মে সভায় আলোচনা হয়।	সকল অনুবিভাগ প্রধানগণ তার অনুবিভাগের সদস্যদের সাথে চতুর্থ শিল্প বিপ্লবের উপাদানসমূহ নিয়ে আলোচনা করবেন এবং নিজেদের কর্মক্ষেত্রে এর প্রয়োগ সম্পর্কিত সুপারিশমালা প্রণয়ন করে কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করবেন।	সদস্য, সকল অনুবিভাগ

<p>৩. সিলেবাস প্রণয়ন ও প্রশ্নপত্র প্রণয়নে চতুর্থ শিল্প বিপ্লব অন্তর্ভুক্তকরণ।</p>	<p>উপপরিচালক (পাঠ্যসূচি প্রণয়ন) জানান চতুর্থ শিল্প বিপ্লবের আনুষঙ্গিক বিষয় সমূহ সম্প্রতি প্রণীত এবং হালনাগাদকৃত সিলেবাস সমূহে অন্তর্ভুক্ত করে মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। তিনি নিবন্ধন পরীক্ষার প্রশ্নপত্রে চতুর্থ শিল্প বিপ্লবের প্রসঙ্গ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অন্তর্ভুক্ত করার অনুরোধ জানান।</p>	<p>আগামীতে অনুষ্ঠেয় শিক্ষক নিবন্ধন পরীক্ষা সমূহের প্রশ্নপত্রে চতুর্থ শিল্প বিপ্লবের প্রাসঙ্গিক বিষয় অন্তর্ভুক্ত করণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</p>	<p>উপপরিচালক (পাঠ্যসূচি প্রণয়ন)</p>
---	---	--	--------------------------------------

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

EOKhan

মোঃ এনামুল কাদের খান
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০৯.৬০.০০১.২০.৩২২

তারিখ: ৮ অগ্রহাষণ ১৪২৮

২৩ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) কর্মকর্তা (সকল), এনটিআরসিএ, ঢাকা

Q

মোঃ ওবায়দুর রহমান
সচিব (উপসচিব)